

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স -২০৪  
আগরতলা, ১৪ এপ্রিল ২০১৮

**রাজ্যে নানা অনুষ্ঠানে আশ্বেদকর জয়ন্তী পালিত**

সারা রাজ্যে আজ যথাযোগ্য মর্যাদায় নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বাবা সাহেব ড. বি আর আশ্বেদকরের ১২৮ তম জন্মজয়ন্তী পালন করা হয়। আগরতলায় প্রভাতী অনুষ্ঠানে উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ভারতরত্ন বাবাসাহেব ড. বি আর আশ্বেদকরের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধার্ঘ্য নিবেদনের মধ্য দিয়ে এই দিনটি উদযাপন কর্মসূচীর সূচনা হয়।

অনুষ্ঠানের শুরুতে বাবাসাহেব ড. বি আর আশ্বেদকরের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস। এছাড়া পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন বিধায়ক আশীষ কুমার সাহা, বিধায়ক সুরজিৎ দত্ত, বিধায়ক রাম প্রসাদ পাল, বিধায়ক ডাঃ দিলীপ কুমার দাস, আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা, প্রাক্তন মন্ত্রী প্রকাশ চন্দ্র দাস, বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ জিতেন্দ্র সরকার, পশ্চিম জেলার জেলা শাসক ড. মিলিন্দ রামটেকে, তপশিলী জাতি কল্যাণ দপ্তরের সচিব এল এইচ ডার্লং, অধিকর্তা এল টি ডার্লং, উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা রবীন্দ্র রিয়াং প্রমুখ। এই অনুষ্ঠানে আয়োজিত আলোচনাচক্রে অংশ নিয়ে বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস ড. আশ্বেদকরের আদর্শ ও চিন্তাধারাকে সর্বত্র পৌঁছে দেবার আহ্বান জানান। তিনি বলেন, ড. আশ্বেদকর সারা জীবন সমাজের শোষিত, বঞ্চিত ও নিপীড়িত জনগণের কল্যাণে কাজ করে গেছেন। তিনি হিন্দু ধর্মের সংস্কার চেয়েছিলেন। তিনি ছিলেন সংবিধান প্রণেতা ও সমাজ সংস্কারক। তিনি জাত ব্যবস্থার বিলুপ্তি চেয়েছিলেন। এছাড়া আলোচনা করেন দ্য বুদ্ধিষ্ট সোসাইটি অব ইন্ডিয়া'র সাধারণ সম্পাদক ভান্তে সুভোতী। অনুষ্ঠানে জাতীয় সংগীত ও ভজন পরিবেশিত হয়। অনুষ্ঠান শুরুর আগে বিভিন্ন বিদ্যালয়, ছাত্রাবাসের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও শিক্ষিকাগণ ঢাকবাদ্য সহ মিছিল করে অনুষ্ঠান স্থলে এসে মিলিত হন। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন তপশিলী জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা এল টি ডার্লং। এদিকে, এ উপলক্ষে আজ থেকে তপশিলী জাতি কল্যাণ দপ্তর এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর যৌথ ভাবে রাজধানীর বিভিন্ন মাঠে ফুটবল, ভলিবল, কাবাডি, অ্যাথলেটিক্স, ক্রিকেট, মিউজিক্যাল বল, পাতিলভাঙ্গা, টাগ অফ ওয়ার ইত্যাদি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেছে। এই প্রতিযোগিতা আগামী ১৮ এপ্রিল পর্যন্ত চলবে। আজ দুপুরে উমাকান্ত মাঠে ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ডাঃ দিলীপ কুমার দাস, দ্রোণাচার্য পুরস্কার প্রাপ্ত কোচ বিশ্বেশ্বর নন্দী, জিমন্যাস্ট দীপা কর্মকার, বিশিষ্ট সমাজসেবী তাপস দাস এবং তপশিলী জাতি কল্যাণ ও যুব বিষয়ক ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*